

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২০২৩-২৪ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে কর্মপরিকল্পনা এর কর্মসম্পাদন সূচক ২.২.১ অনুযায়ী অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত অবহিতকরণ ১ম সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মো: আবদুল ওয়াহাব ভূঞা
মহাপরিচালক (গ্রেড-১)।
সভার তারিখ ও সময় : ২৫ সেপ্টেম্বর, ২০২৩খ্রি, বেলা ১২.০০ টা।
সভার স্থান : অধিদপ্তরের সম্মেলন কক্ষ (লেভেল-৭)
সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন জনপ্রশাসনে দায়বদ্ধতা বৃদ্ধি ও সরকারি সেবার মানোন্নয়নের জন্য অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে অবহিতকরণ সভা আয়োজনের বিষয়টি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২০২৩-২৪ অর্থ বছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে কর্মপরিকল্পনা এর কর্মসম্পাদন সূচক ২.২.১ এ অন্তর্ভুক্ত করা হয়েছে।

২। সভাপতির অনুমতিক্রমে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) জানান, এ অধিদপ্তরের অভিযোগ নিষ্পত্তির হার সন্তোষজনক। ২০২৩-২৪ অর্থবছরের জুলাই/২৩ ও আগস্ট/২৩ মাসের অভিযোগ নিষ্পত্তির হার ১০০%। তিনি বলেন, কারো কোন অভিযোগ থাকলে ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সেবা বক্সে অভিযোগ দাখিল করা যায়। তাছাড়া সরাসরি, ডাকযোগে, ই-মেইলে এবং অনলাইনেও অভিযোগ দাখিল করা যায়।

৩। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক্রম	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৩.১	নির্দিষ্ট সময়ে জিআরএস সিস্টেম, অফলাইন ও অন্যান্য মাধ্যমে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি করতে হবে এবং প্রতি মাসের ৫ তারিখের মধ্যে পূর্ববর্তী মাসের প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে। পাশাপাশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/ প্রোগ্রামার
৩.২	অভিযোগপত্রে অভিযোগকারীর নাম, ঠিকানা ও মোবাইল নম্বর থাকা আবশ্যিক। বেনামী অভিযোগপত্র বিবেচনায় নেয়া যাবে না।	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)
৩.৩	২০২৩-২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী নিজ অফিস ও আওতাধীন অফিসের কর্মকর্তা/কর্মচারীদের জন্য অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ/ কর্মশালা/ সেমিনার আয়োজন করতে হবে।	পরিচালক (প্রশাসন)/ সহকারী পরিচালক (কমন সার্ভিস)

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: আবদুল ওয়াহাব ভূঞা)
মহাপরিচালক (গ্রেড-১)

নং-৫৮.০২.০০০০.০০৫.০০.০০৬.২১-৩২১৭

তারিখ: ১০ আশ্বিন, ১৪৩০
২৫ সেপ্টেম্বর, ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: অতিরিক্ত সচিব, মাদক অনুবিভাগ)।

২। পরিচালক (প্রশাসন/অপারেশনস/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

ক

- ৩। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
- ৪। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেভারিয়া, ঢাকা।
- ৫। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। উপপরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/অপারেশনস/চিকিৎসা ও পুনর্বাসন/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,.....।
- ৭। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৮। প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯। সহকারী পরিচালক (অপারেশনস/প্রশাসন/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/অর্থ ও হিসাব/জনসংযোগ), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন.....।
- ১০। স্টাফ অফিসার টু ডিজি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১১। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১২। অফিস কপি।



(দীপজয় হোসা)

সহকারী পরিচালক (প্রশাসন)